

## ছোটমনির সাধ

মাহমুদা রুণু

গল্প শোনা স্বপ্ন দেখার  
নেইতো কোন শেষ,  
এবার আমি যাবোই যাবো  
সোনার বাংলাদেশ ।  
রোজ সকালে পিয়াল ডাকে  
ধান শালিকের বনে,  
শিউলী ফুলের গন্ধে ব্যাকুল  
মাতন লাগে মনে ।  
সিডনী পুলে সাতার শিখে  
ডুব দেবো গায়ের পুকুরে  
শাপলা শালুক শামুক নেবো  
মিষ্টি রোদেল দুপুরে ।  
আম কুড়াবো, কাঠাল খাবো  
ঠোট রাঙ্গাবো জাম খেয়ে,  
মাটির পুতুল বাশের বাশি  
বাধনহারা পুলক রাশি  
হাড়ু সাতচাড়া আর  
বৌছি খেলবো ধেয়ে ।  
মহান দেশে মহানসাগর  
মাবের শহরে  
ছোট আমি হোচ্ছি বড়  
কণ্ডো বাহারে ।  
ঠাই যেন পাই, ঠাই পেতে চাই  
ইছাপুরের গায়ে,  
বরশি দিয়ে মাছ ধরবো  
কলার ভেলায় বেয়ে ।  
জোৎস্নারাতে পায়েল মামার  
বাউল গানের সুরে  
নাচবো আমি মনের সুখে  
তাইরে নাইরে নারে ।  
খুব সকালে উঠবো জেগে  
নানুর কোরান শুনে  
শিউলী ফুলের মালা গেথে  
গাইবো আপন মনে ।  
ভোরের সমিরনে ।

গাইবো আমি নাচবো তালে  
পাখ পাখালীর বোলে,  
ধুলোকাদায় মাখামাখি  
শাওয়ার বৃষ্টির জলে ।  
আলুর ক্ষেতে, ধানের মাঠে  
রাখাল ভাইয়ের সাথে,  
লাঞ্চ খেতে চাই তৃপ্তি নিয়ে  
মরিচ পেয়াজ মেখে ।  
আবার আমায় ফিরতে হবে  
মহান দেশের নগরে  
বন্ধ ঘরে, দক্ষ প্রানে  
শিখবো পড়া বেঘোরে ।  
**manners, behave, hallo, mate**  
স স্বলে আর অস্বলে  
**confusion, trial, balance**  
**aussie-** তে আর **bengol-** এ ।  
বড্ড কঠিন জগৎ মাঝে  
আমার বেড়ে চলা  
ঘড়ির কাটায় জীবন যাপন  
মেপে কথা বলা ।  
মাগো আমায় দেখাসনে আর  
মহাকাশের স্বপ্ন  
ফিরিয়ে দেমা ইছাপুরের  
অকৃত্রিম রত্ন ।

২৭জুলাই ২০০৫